NETAL STATE OF THE PARTY OF THE

চেনা অপরাধ অচেনা কাহিনি

সম্পাদনা অনামিকা দাস

বহুপঠিত এবং বহুশুত অপরাধ তথা গোয়েন্দাকাহিনির এযাবং-অনালোচিত বিশ্লেষণে বইটি সজ্জিত। গোয়েন্দাসাহিত্যপাঠ কীভাবে গভীর থেকে গভীরতর ক্ষেত্রে প্রবিষ্ট হতে পারে, এই বই তার সামান্য নিদর্শনমাত্র। পাঠকের চিন্তনকে উদ্বেজিত করে তোলাই এর লক্ষ্য। চেনা অপরাধ অচেনা কাহিনি: গোয়েন্দাসাহিত্য পাঠের চিন্তনসূত্র আসলে অপরাধ ও অপরাধীকেন্দ্রিক বাস্তব এবং কাল্পনিক আখ্যানের বিশ্লেষণ। এখানে একদিকে আছে অপরাধ সংঘটনের অন্তরালবর্তী মনস্তত্ত্ব অর্থাৎ কেন একজন অপরাধ করেন বা করতে বাধ্য হন; অন্যদিকে এখানে স্থান পেয়েছে গোয়েন্দাসাহিত্যে বিষপ্রয়োগ এবং মানবদেহে তার পরিণতির যৌক্তিক বাস্তবতার পরিমাপ সংক্রান্ত প্রবন্ধ। প্রাথমিকভাবে স্টিপত্র দেখে কোনো কোনো পাঠকের মনে হতে পারে পুনরাবৃত্তি। কিন্তু সচেতন ও মনোযোগী পাঠক প্রবন্ধ তিনটির তারতম্য নিজেই অনুধাবন করতে পারবেন। বর্তমানে কেন হোমস-পোয়ারো-ব্যোমকেশের মতো সত্যাম্বেয়ীর উত্থান ঘটছে না, সেই প্রশ্লের খোঁজার চেন্টা আছে একটি প্রবন্ধে। পাশাপাশি তাত্ত্বিক বিশ্লেষণসহ গোয়েন্দাসাহিত্যের চলচ্চিত্রায়ণকে প্রবন্ধের মূল ভরকেন্দ্র করেছেন প্রাবন্ধিক। গ্রন্থের শেষে গোয়েন্দাসাহিত্য পাঠপ্রক্রিয়ার একটি নিদর্শন হিসেবে আছেন আগাথা ক্রিষ্টির হারকিউল পোয়ারো।

সম্পাদক অনামিকা দাস বর্তমানে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের সহকারী অধ্যাপক। বাংলা গোয়েন্দা সাহিত্য তাঁর আগ্রহ ও চর্চার ক্ষেত্র। 'জানার মাঝে অজানা'র রহসাসন্ধান-ই তাঁর অন্যতম নেশা।

সেন্টার ফর ল্যাঙ্গুয়েজ, ট্রান্সলেশন এণ্ড কালচারাল স্টাডিজ নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়





## 의 의 의 ( 등 리 의 ( 등 대 의 ( 등 ( 등 ( 등 ( )

গোয়েন্দাসাহিত্য পাঠের চিন্তনসূত্র



সম্পাদনা **অনামিকা দাস**